

সচিবালয়

ওয়াদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১৫৫

তারিখঃ ০৬-০৭-২০২০ খ্রিঃ


“অফিস আদেশ”

অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.১০৪.০২০.২৭০১.৭২.২০১৮-২২৬ তাং- ২৩ এপ্রিল, ২০২০ এর পরিপত্র অনুযায়ী বোর্ড সচিবালয়ের স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১১২ তারিখঃ ১০-০৫-২০২০ খ্রিঃ মোতাবেক নডেল করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত রোগীদের সেবা প্রদানে সরাসরি কর্মরত ডাক্তার, নার্স ও স্বাস্থ্যকর্মীসহ এ সংক্রান্ত সরকার ঘোষিত নির্দেশনা বাস্তবায়নে মাঠ প্রশাসন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী এবং প্রত্যক্ষভাবে নিয়োজিত প্রজাতন্ত্রের অন্যান্য কর্মচারী দায়িত্ব পালনকালে করোনা ভাইরাসে আক্রান্ত হলে সরকার ক্ষতিপূরণ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

উক্ত স্মারকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সদর দপ্তর ও মাঠ পর্যায়ে কর্মরত কোন কর্মকর্তা-কর্মচারী করোনা ভাইরাসে (COVID-19) আক্রান্ত হয়ে সুস্থ হলে অথবা মৃত্যুবরণ করলে উল্লিখিত অর্থ মন্ত্রণালয়ের স্মারক মোতাবেক সরকারের নিকট ক্ষতিপূরণ দাবী করার নিমিত্ত নির্ধারিত ছক পূরণ করে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু সংশ্লিষ্ট দপ্তর হতে যথাসময়ে প্রতিবেদন না পাওয়ায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে এবং মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে বাপাউবোর নডেল করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়ে সুস্থ অথবা মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীগণের নামের তালিকা প্রথম পাশ্চিক প্রতিবেদন প্রতি মাসের ১৫ তারিখে এবং মাসিক প্রতিবেদন প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে ছক-‘০১’ এবং ‘০২’ পূরণপূর্বক অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।



তারিখঃ ০৬/০৭/২০২০
মোঃ মুজিবুর রহমান
সচিব
বাপাউবো, ঢাকা
মোবাইলঃ ০১৭১৪৪০০৫৩৭
০১৮১৮৬৪১৬৯৭

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১৫৫

তারিখঃ ০৬-০৭-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১-৯। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল/উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/ফরিদপুর/খুলনা/বরিশাল/রংপুর।
- ১০-১১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ঢাকাস্থ সকল দপ্তর), বাপাউবো, ঢাকা।
- ১২-১৪। প্রধান, মনিটরিং/পরিকল্পনা/পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
- ১৫। নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা, বাপাউবো, ঢাকা।
- ১৬-১৮। প্রকল্প পরিচালক/পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)....., বাপাউবো,
- ১৯। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ২০। নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো,
- ২১। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। অফিস আদেশটি বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ২২-২৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা)/সচিব, বাপাউবো, ঢাকা।



তারিখঃ ০৬-০৭-২০২০
মোঃ সিরাজুল ইসলাম
উপ-পরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১৫৫

তারিখঃ ০৬-০৭-২০২০ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


তারিখঃ ০৬-০৭-২০২০
মোঃ সিরাজুল ইসলাম
উপ-পরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা।

(অঃ পঃ দঃ)

(ক) সংক্রমিত এবং সুস্থ কর্মকর্তা/কর্মচারীগণের বিবরণঃ (ছক- ০১)

ক্রমিক নং	কর্মকর্তা/কর্মচারীর নাম ও আইডি নং	পদবী ও অফিস	বেতন গ্রেড ও স্কেল	করোনা ভাইরাস পজিটিভ সনাক্তকরণের তারিখ	সনদ/ মেডিকেল রিপোর্ট	আবেদনকারী রোগীদের সেবা প্রদানে সরাসরি নিয়োজিত ছিলেন/ “কোভিড-১৯” নিয়ন্ত্রণে সরকার ঘোষিত নির্দেশনা বাস্তবায়নে প্রত্যক্ষভাবে নিয়োজিত ছিলেন মর্মে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন	করোনা ভাইরাস আক্রান্ত হওয়ার পর সুস্থ সনাক্তকরণের তারিখ এবং এতদসংক্রান্ত সনদ/ মেডিকেল রিপোর্ট	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

(খ) মৃত কর্মকর্তা/কর্মচারীগণের বিবরণঃ (ছক- ০২)

ক্রমিক নং	কর্মকর্তা/কর্মচারীর নাম ও আইডি নং	পদবী ও অফিস	বেতন গ্রেড ও স্কেল	করোনা ভাইরাস আক্রান্ত হয়ে মৃত্যুবরণের তারিখ	মৃত্যু সনদ	আবেদনকারীর সম্পর্কের প্রমাণ (NID-সহ)	আবেদনকারী রোগীদের সেবা প্রদানে সরাসরি নিয়োজিত ছিলেন/ “কোভিড-১৯” নিয়ন্ত্রণে সরকার ঘোষিত নির্দেশনা বাস্তবায়নে প্রত্যক্ষভাবে নিয়োজিত ছিলেন মর্মে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

সিগেট্রা নং ২৫৫৫

প্রোগ্রামার

সহকারী প্রোগ্রামার ১/২

নেটওয়ার্ক প্রকৌশলী

অফিস সহকারী

সিস্টেম এনালিস্ট- ১/২

অফিস সহকারী (সেভা, কাপড়/কাঁচা চাকরা)

- তারিখঃ ০৬/০৭/২০
- জরুরী
- প্রয়োজনীয় ব্যবস্থা নিহ
- নথিতে পেশ করুন
- নথিতে রাখুন
- তাগিদ পত্র দিন